

২০১৭

বাংলা

(স্নাতকোত্তর)

পাঠপর্যায় - ৪

পাঠমালা - ১

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘন্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ - প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

১. পাঠান্তরের ফলে ‘রজনী’ উপন্যাসে শিল্প সৌকর্যের কী পরিবর্তন ঘটেছে - তা বুঝিয়ে দাও।

১০

অথবা

‘বঙ্গদর্শন’ থেকে গ্রন্থাকারে প্রকাশিত ‘রজনী’ উপন্যাসে রজনী চরিত্রের কী কী পরিবর্তন ঘটেছে - আলোচনা করে বুঝিয়ে দাও।

২. ‘রাজর্ষি’ উপন্যাসের জয়সিংহ চরিত্র ও ‘বিসর্জন’ নাটকের জয়সিংহ চরিত্রের তুলনামূলক আলোচনা করো।

১০

অথবা

‘রাজর্ষি’ উপন্যাসে অনুপস্থিত অপর্ণা চরিত্রটি ও ‘বিসর্জন’ নাটকে কোন উদ্দেশ্য সাধন করেছে তা বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

৩. দৃষ্টান্ত দিয়ে ‘কথাস্তর’ বিষয়টি বুঝিয়ে দাও।

১০

অথবা

ছড়ার কথাস্তরে রবীন্দ্রনাথের চিন্তা-চেতনার পরিচয় দাও

৪. কবিতা অনুবাদের ক্ষেত্রে বুদ্ধদেব বসুর পরামর্শগুলি কতদূর গ্রহণযোগ্য আলোচনা করে বুঝিয়ে দাও

১০

অথবা

নিম্নে উদ্ধৃত সংস্কৃত শ্লোকটির অনুবাদগুলির তুলনামূলক বিচার করে কোন অনুবাদটি অপেক্ষাকৃত উৎকৃষ্ট তা বিচার করো।

ধুমজ্যোতি সলিল মরুতাং সন্নিপাতঃ ক্ব মেঘঃ

সন্দেশার্থা ক্ব পটুকরনৈঃ প্রাণিভিঃ প্রাপনীয়াঃ।

ইতৌৎসুক্যাদ পরিগণয়ন গুহ্যকস্যং যযাচে

কামার্তাহি প্রকৃতি কৃপণাশ্চেতনা চেতনেষু।

অনুবাদ - ১

কোথা মেঘ ধুমজ্যোতি জলবায়ু ময়?

যোগ্যেন্দ্রিয় জীব বাহ্যবর্তা বা কোথায়?

নাবিচারি ব্যগ্রতার বশে এ বিষয়

মেঘের নিকটে যক্ষ প্রার্থনা জানায়।

চেতনা চেতন ভেদবুদ্ধি যারে কয়

কামাতুর স্বভাবতঃ হীন তাহে হয়। (রাজকৃষ্ণ মুখোপাধ্যায়)

অনুবাদ - ২

বাতাস জল ধোঁয়া এবং আলোকে কোথায় মেঘরূপী সমবায়ু,

কোথায় ইন্দ্রিয়ে সুপটু সজ্ঞান প্রাণির প্রাপণীয় সমাচার।

এ ভেদ ভুলে গিয়ে ব্যগ্র বিরহী সে জানালে মেঘে তরে যাচনা,

চেতনে অচেতনে দ্বৈত অবলোপ তাইতো কামুকের স্বাভাবিক। (বুদ্ধদেব বসু)

অনুবাদ - ৩

হায়রে কি মূরতি, বাতাস ধোঁয়া জল কেবলি এ তিনের সমাহার

কীসের বদলে কী? যা আমি মেঘে দেখি মানুষ জ্ঞানবান রচনা

তারি ব্যগ্রতা ভোলায় বিবেচনা এবং করে তোলে বিমূঢ়

চেতনে অচেতনে অভেদ মনে হয় আমার মতো পাকে পড়লে। (শক্তি চট্টোপাধ্যায়)

(আভ্যন্তরীণ মূল্যায়ণ - ১০)

(Turn over)